মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
**www.barisalboard.gov.bd**

## বিজ্ঞপ্তি

স্মারক নং: বশিবো/কলেজ/অনু:/২০২৫/৮৫০২ তারিখ: ১০/১১/২০২৫

**বিষয়: EIIN ভিত্তিক মোবাইল নম্বর ব্যবহার সংক্রান্ত।**

উপরোক্ত বিষয়ের আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশালের আওতাধীন কলেজসমূহের অধ্যক্ষ, স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ/প্রধান শিক্ষক মহোদয়গণকে জানানো যাচ্ছে যে, বিভিন্ন প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধানদের সাথে বোর্ড কর্তৃপক্ষের যোগাযোগ করার জন্য EIIN ভিত্তিক একটি মোবাইল সীম সরবরাহ করা হয়েছে। শিক্ষা বোর্ড থেকে সরবারহকৃত প্রতিষ্ঠানের মোবাইল নম্বরটি হচ্ছে ০১৩০৯+প্রতিষ্ঠানের EIIN। এটি একটি অফিসিয়াল সীম এবং এ নম্বর থেকে ফোন করলে প্রতিষ্ঠান সম্পর্কে নিশ্চিত হওয়া যায়। কিন্তু, আমরা লক্ষ্য করছি যে, কোন কোন প্রতিষ্ঠান উপরোক্ত নম্বরটি ব্যবহার করছে না। ফলে, প্রতিষ্ঠান সম্পর্কে নিশ্চিত না হওয়ার কারণে শিক্ষা বোর্ড থেকে মোবাইলে কাংখিত সেবা প্রদান করা সম্ভব হয় না। যেসব প্রতিষ্ঠানের মোবাইল নম্বরটি নিষ্ক্রিয় আছে তাদের সক্রিয় করার জন্য এবং এই নম্বর দিয়ে একটি WhatsApp Account খোলার জন্য বলা হল। সেবা সহজীকরণের লক্ষ্যে শিক্ষা বোর্ডের বিভিন্ন তথ্য এই Account এ শেয়ার করা হবে। এই সীমটি হারিয়ে গেলে কিংবা অন্য কোন কারণে প্রতিষ্ঠানের কাছে না থাকলে নিকটস্থ থানায় জিডি করে নম্বরটি পুনরুদ্ধার করার জন্য বলা হল। পরবর্তীতে শিক্ষা বোর্ডের সাথে যোগাযোগের ক্ষেত্রে উল্লেখিত মোবাইল নম্বরটি ব্যবহার করার জন্য অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

Jasim
10/11/2025

প্রফেসর ড. মোঃ জসিম উদ্দিন (০০৯২৮৪)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
মোবাইল নং ০১৭১২-০৮১৬৩৯
Email: jasim0071@gmail.com